124

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 APR 1996
পৃষ্ঠা ১৭ কলাম ৮

## সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র প্রণয়নের অভিযোগ

সিলেট অফিস ।। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে গত বৃহস্পতিবার এখানে অনুষ্ঠিত বিএসএস (সম্মান) অর্থনীতি পার্ট-২ পরীক্ষায় কর্তৃপক্ষ সিলেবাস বহির্ভূত প্রশ্নপত্র করিয়াছেন বলিয়া পরীক্ষার্থীরা অভিযোগ করিয়াছেন। তাহারা জানান, নির্দিষ্ট সিলেবাস বাদ দিয়া প্রশ্নপত্র প্রনয়ন করায় পরীক্ষার্থীরা সঠিক উত্তর দিতে পারেন নাই। পরীক্ষার্থীদের পক্ষে প্রদত্ত এক বিবৃতিতে কর্তৃপক্ষের এই খামখেয়ালীপনার তদন্ত ও নির্দিষ্ট সিলেবাস অনুযায়ী উক্ত বিষয়ের পরীক্ষা পুনরায় অনুষ্ঠানের জন্য আবেদন জানান হইয়াছে।